গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mora.gov.bd

নং- ধবিম/হ:শা:/৪-১৩০/২০১২-৫১৫

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ
০৭ ডিসেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত বেসরকারি ব্যবস্থাপনায় হজ পরিচালনাকারী হিসেবে East Bangla Hajj Service (HL-746), 152/2J, Latifa Villa, Green Road, Panthapath, Dhaka এর মালিক/মোনাজ্জেম হিসেবে দায়িত্ব পালন করেছেন; এবং

যেহেতু বেসরকারি ব্যবস্থাপনায় হজ যাত্রী প্রেরণ বিষয়ে আপনি ধর্ম বিষয়ক মন্ত্রনালয় বরাবর জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৯ এ বর্ণিত শর্তাদি পালনে অঙ্গীকারাবদ্ধ ছিলেন; এবং

যেহেতু আপনার এজেন্সির বিরুদ্ধে জনাব মোঃ অহিদুজ্জামান নিম্নরূপ অভিযোগ দাখিল করেন:

"হাজী প্রতি ৪ লক্ষ ৫ হাজার টাকা নিয়েও মক্কা, মদিনা, মিনা, আরাফায় যথাযথ সেবা প্রদান না করা এবং থাকা, খাওয়া বাবদ অতিরিক্ত টাকা গ্রহণ করেও ব্যয় না করে টাকা আত্মসাৎ করা।" এবং

০৪। যেহেতু আপনার এজেন্সির বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ বাংলাদেশে গঠিত তদন্ত কমিটি তদন্ত করেছে এবং তদন্ত কমিটি শাস্তির সুপারিশ করেছে; এবং

যেহেতু এ মন্ত্রণালয়ের ০৪.০৩.২০২০ খ্রি. তারিখের ধবিম/হ:শা:/৪-১৩০/২০১২-১৬৫ নং স্মারক মূলে আপনার মালিকানাধীন এজেন্সির বিরুদ্ধে কেন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব ০৩ (তিন) দিনের মধ্যে জানানোর জন্য কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়; এবং

যেহেতু আপনি কারণ দর্শানোর নোটিশের জবাব প্রদান করেছেন এবং আপনি আপনার স্বপক্ষে যুক্তি উপস্থাপন করেছেন যা সন্তোষজনক বিবেচিত হয়নি; এবং

যেহেতু আপনার এজেন্সির বিরুদ্ধে জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৯ এর ২৪.১ এ বর্ণিত শাস্তির কারণসমূহ বিদ্যামান রয়েছে;

সেহেতু জাতীয় হজ ও ওমরাহ নীতি-২০১৯ এর ২৪.২ (গ) ও (চ) অনুযায়ী আপনার পরিচালিত East Bangla Hajj Service (HL-746) এর হজ লাইসেন্স ০২ (দুই) বছরের জন্য স্থগিত এবং ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা জরিমানা করা হলো।

০২। জরিমানাকৃত অর্থ অনতিবিলম্বে ট্রেজারি চালানের মাধ্যমে কোড নং-১-৩৫০১-০০০১-১৯০১ এ জমাদানপূর্বক চালানের মূল কপি এ মন্ত্রণালয়ে দাখিল করার জন্য বলা করা হলো।

০৩। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

০৭.১২.২০২০

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৪৩২২
e-mail:morahajsection@gmail.com

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

নং- ধবিম/হ:শা:/৪-১৩০/২০১২-৫১৫ তারিখ: ০৭.১২.২০২০ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা /প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. সিনিয়র সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পরিচালক, হজ অফিস, বিমানবন্দর, ঢাকা।
৪. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।
৫. উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (তাঁকে প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
৬. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৭. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. সিস্টেমস এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (www.mora.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯. অতিরিক্ত সচিব (হজ) এর ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাত্তার সেন্টার, নয়াপল্টন, ঢাকা।
১১. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২ কাওরান বাজার, ঢাকা (www.hajj.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২. জনাব মোঃ হুমায়ুন কবির খান, ব্যবস্থাপনা পরিচালক/স্বত্বাধিকারী, East Bangla Hajj Service (HL-746), 152/2J, Latifa Villa, Green Road, Panthapath, Dhaka.
১৩. অফিস কপি।

০৭.১২.২০২০

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
সিনিয়র সহকারী সচিব